

নব্বইন  
উত্তম তত্ত্বাবধি  
MPO পদের জন্য  
শূন্য পদের জন্য  
২৬.০৬.২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়  
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
www.ntrca.gov.bd



স্মারক নং: ৩৭.০৫.০০০০.০১১.২৭.০০১.২২-১৬৭

তারিখ: ০২ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ  
২৬ জুন, ২০২২ খ্রিস্টাব্দ

**বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকের শূন্য পদে অধিযাচন (e-Requisition) প্রদানের জন্য বিজ্ঞপ্তি-২০২২**  
**(শুধুমাত্র MPO পদের জন্য)**

এতদ্বারা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) কর্তৃক ৪র্থ নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে প্রবেশ পর্যায়ে (Entry Level) শূন্য পদে শিক্ষক নিয়োগ সুপারিশের লক্ষ্যে দেশের সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ (স্কুল, কলেজ, মাদ্রাসা, কারিগরি ও ব্যবসা ব্যবস্থাপনা) থেকে অনলাইনে MPO ভুক্ত শূন্য পদের অধিযাচন (e-Requisition) সংগ্রহের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উক্ত অধিযাচন (e-Requisition) কার্যক্রম আগামী ২৬ জুন ২০২২ তারিখ থেকে ৩১ জুলাই ২০২২ তারিখ পর্যন্ত চলবে।

২। ৩য় গণবিজ্ঞপ্তির আওতায় নিয়োগ সুপারিশ কার্যক্রম চলমান থাকায় ৩য় গণবিজ্ঞপ্তিতে যে সকল শূন্যপদের e-Requisition প্রদান করা হয়েছে তা বাদ দিয়ে আগামী ৩০ জুন ২০২২ খ্রিঃ তারিখে যে সকল MPO ভুক্ত পদ শূন্য হবে এ সকল শূন্য পদের অধিযাচন প্রদানের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো। ৩য় নিয়োগ বিজ্ঞপ্তির আওতায় নিয়োগ সুপারিশ প্রদানের পর যে সকল MPO ভুক্ত পদে শিক্ষক যোগদান করে অন্যত্র চলে গেছেন সে সকল MPO ভুক্ত শূন্য পদের বিপরীতেও অধিযাচন প্রদান করতে হবে।

৩। প্রতিষ্ঠান প্রধানগণ তাদের নিজস্ব User ID এবং Password ব্যবহার করে <http://ngi.teletalk.com.bd> লিংকে অথবা NTRCA এর ওয়েবসাইটের ([www.ntrca.gov.bd](http://www.ntrca.gov.bd)) ই-রিকুইজিশন সেবা বক্সের e-Requisition Log In অপশনে ক্লিক করে e-Requisition প্রাটফরমে প্রবেশ করতঃ অনলাইন ফরমটি পূরণপূর্বক শুধুমাত্র MPO ভুক্ত শূন্যপদের অধিযাচন প্রেরণ করবেন। অনলাইন ফরমটি পূরণের সময় এনটিআরসিএ'র ওয়েবসাইটে প্রদর্শিত ই-রিকুইজিশন সংক্রান্ত নির্দেশিকাটি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৪। প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক অনলাইনে ই-রিকুইজিশন দাখিলের পর সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (USEO) এবং পরবর্তীতে জেলা শিক্ষা অফিসার (DEO) তাদের নিজ নিজ User ID/Password ব্যবহার করে ই-রিকুইজিশন প্রাটফরমে প্রবেশ করবেন এবং প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক প্রেরিত শূন্য পদের তালিকাটি পুঙ্খানুপুঙ্খভাবে যাচাইপূর্বক অনলাইনে সাবমিট করবেন।

৫। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রবেশ পর্যায়ে (entry level) MPO ক্যাটাগরির শিক্ষকের শূন্যপদের অধিযাচন প্রদানের জন্য এ বিজ্ঞপ্তি জারি করা হলো। Non-MPO পদের জন্য শূন্য পদের চাহিদা সংক্রান্ত অধিযাচন (e-Requisition) পরবর্তীতে গ্রহণ করা হবে।

(কাজী কামরুল আহসান)  
পরিচালক (উপসচিব)  
শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান  
এনটিআরসিএ, ঢাকা।  
ফোনঃ ০২-৪১০৩০১২১



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়  
বগুড়া সদর, বগুড়া।

e-mail : useobogsadar2014@gmail.com



স্মারক নং- ৩৭.০২.১০২০.০০০.১৮.০০০.২০২২-২৬৯ (১০০)

তারিখ : ২৬/০৬/২০২২খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার-----বগুড়া সদর, বগুড়া।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের মর্মানুযায়ী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকের শূন্য পদে অধিষাচন(e-Requisition) প্রদানের বিজ্ঞপ্তি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে বিনীতভাবে অনুরোধ করা হলো।

২। অফিস নথি।

অনুলিপি সদয় অবগতির জন্য(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। পরিচালক(উপসচিব), শিক্ষিতত্ত্ব ও শিক্ষামান, এনটিআরসিএ, ঢাকা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বগুড়া সদর, বগুড়া।
- ৩। জেলা শিক্ষা অফিসার, বগুড়া।
- ৪। অফিস নথি।

২৬.০৬.২০২২  
(মোঃ গোলাম মাহবুব মোরশেদ)  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
বগুড়া সদর, বগুড়া।  
ফোন নং ০২৫৮৯৯০৪৪৬৮